# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 10 July, 2025

শেরপুরের শ্রীবরদীর কর্ণজোড়া সীমান্তে অবৈধ পথে আসা ভারতীয় প্রসাধনী জব্দ করেছে বিজিবি।

বৃহস্পতিবার (১০ জুলাই) ভোরে শ্রীবরদীর কর্ণজোড়া সীমান্তে এ অভিযান পরিচালনা করে ময়মনসিংহ ব্যাটালিয়ন ৩৯ বিজিবি।

বিজিবি জানায়, বৃহস্পতিবার (১০ জুলাই) ভোরে কর্ণজোড়া সীমান্তের মারেক পাড়ায় কারবারীরা অবৈধ পথে আসা ভারতীয় পন্ডস ফেইস ওয়াশ পাচারের চেষ্টা করে।বিজিবির টহল দল গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে। এসময় ৬ হাজার ৪৩২পিস ভারতীয় পন্ডস ফেইস ওয়াশ জব্দ করে। জব্দকৃত প্রসাধনীর বাজার মূল্য ১৯ লাখ ২৯ হাজার টাকা।আর বিজিবির উপস্থিতি টের পেয়ে কারবারিরা পালিয়ে যায় তাই কাউকে আটক করা যায়নি।

অবৈধ ভারতীয় বিজিবি কর্ণজোড়া শ্রীবরদী শেরপুর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:55

URL: https://timestodaybd.com/public/across-the-country/4303654524